13 APR 2017

যুগান্তর

কমনওয়েলথ অব লার্নিং

# বোর্ড সদস্য নির্বাচিত হয়েছেন শিক্ষামন্ত্রী নাহিদ

শিক্ষাক্ষেত্রে প্রশংসনীয় অবদান ও জাতীয় অর্জনের স্বীকৃতিস্বরূপ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে আগামী তিন বছরের জন্য কমনওয়েলথ অব লার্নিংয়ের (সিওএল) বোর্ড অব গভর্নর্সের এশিয়ার আঞ্চলিক প্রতিনিধি নির্বাচিত করা হয়েছে। কমনওয়েলথ মহাসচিব প্যাট্রিসিয়া স্কটল্যান্ড প্রেরিত অফিসিয়ালপত্রে মন্ত্রীকে তা অবহিত করা হয়েছে। সিওএল ১০ সদস্যবিশিষ্ট সিওএল বোর্ডের মেয়াদ তিন বছর। কানাডার ভ্যাংকুভারে প্রতি বছর জুন মাসে এই বোর্ডের একটি সভা অনুষ্ঠিত হয়ে থাকে।



এশিয়া, ইউরোপ, আফ্রিকা এবং ক্যারিবিয়ান ও প্যাসিফিক অঞ্চলের ৪টি দেশ থেকে চারজন এবং সর্বাধিক আর্থিক অনুদান প্রদানকারী ৬টি দেশ থেকে ছয়জন নিয়ে সিওএল বোর্ড গঠিত। বর্তমান সর্বাধিক আর্থিক অনুদান প্রদানকারী ৬টি দেশ হল— কানাডা, ভারত, নিউজিল্যান্ড,

■ পৃষ্ঠা ১৭ : কলাম ৪

## বোর্ড সদস্য নির্বাচিত হয়েছেন

(৩য় পৃষ্ঠার পর)

নাইজেরিয়া, দক্ষিণ আফ্রিকা ও যুক্তরাজ্য। সিওএল ১৯৮৮ সালে গঠিত হয়েছে। শিক্ষামন্ত্রী বর্তমানে বিশ্বের সর্বাধিক জনসংখ্যা অধ্যুষিত ৯টি দেশের ই-৯ ফোরামের চেয়ারম্যান এবং ইউনেস্কোর ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন। সংবাদ বিজ্ঞপ্তি।